দুর্নীতি দমন কমিশন
দুদক

দুর্নীতি দমন কমিশনের মাসিক প্রকাশনা

# দুদক বার্তা

- ৮ম বর্ষ
- ২২তম সংখ্যা
- আগষ্ট ও সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
- ভাদ্র ও আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

এক নজরে

- ফাঁদ অভিযান (১০৬)
- অভিযোগ কেন্দ্র
- গুরুত্বপূর্ণ মামলা দায়ের
- বিচার ও দণ্ড
- সভা অভিযান কর্মসূচী



এফ.এম বেতারের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন দুদক চেয়ারম্যান

## সম্পাদকীয়

দুর্নীতিবাজদের শুধু ধরে ধরে একটি সমাজকে দূষণমুক্ত করা কঠিন। মনে পড়ে, শৈশবে ছুটি কাটাতে গ্রামের বাড়ী যেয়ে সবুজ শেওলার আস্তরনে ঢাকা পুকুরে যখন ভাঙ্গা কলসির টুকরো ছুঁড়ে মারতাম, তখন সবুজ আস্তরনটি অপসৃত হলেও কিছুক্ষণের মধ্যে আবারো ঢেকে যেতো। এ দৃষ্টান্তটি এজন্য, শুধু আইন প্রয়োগ করে দুর্নীতি নির্মূলযোগ্য নয়। সততার বীজ রোপিত হয় পারিবারিক শিক্ষায়, প্রাতিষ্ঠানিক বা অধ্যয়নিক মাত্রায় সততা শেখানো যায়না। পরিবারে পিতামাতার স্বভাব ও আচরণ সন্তান সৎ বা অসৎ হবার পেছনে গভীর ছাপ রেখে যায়। যে সন্তান বাবার হাত ধরে বড় হয়েছে, তার সামনে বাবাকে যখন দুর্নীতির দায়ে গ্রেফতার করা হয়, তখন মিডিয়ায় তার ফলাও প্রচার, দেশজুড়ে সামাজিক নিন্দা, মামলার জালে বন্দী, এই ত্রিমুখী চাপে পুরো পরিবারের মর্যাদা ধূলো হয়ে উড়ে যায়, দুর্নীতির গোপন সব তথ্য একে একে উন্মোচন হয়ে যায়। দুর্নীতি ধরা পড়া মানে অনন্তর গানিতে একটি পরিবার পুড়ে ছাই হয়ে যাওয়া। স্বস্তির নিদ্রা, খাবারে রুচি, জীবনের স্থিতি হারিয়ে যাওয়া। স্বাভাবিক জীবনযাপনের চিত্র উল্টে যাওয়া। সন্তানের ভবিষ্যত ধূলিসাৎ হয়ে যাওয়া। অবশেষে হৃদয় খুঁড়ে যাওয়া বেদনায় আত্মহত্যার পথ বেছে নেয়া। সুতরাং দুর্নীতিলব্ধ অর্থের সুফলভোগ নিস্কন্টক নয়। এ প্রলয় থেকে বাঁচতে দুর্নীতির বিরুদ্ধে সন্তানদের দাঁড়াতে হবে।

**মোহাম্মাদ মুনীর চৌধুরী**
মহাপরিচালক (প্রশাসন)
দুর্নীতি দমন কমিশন।
ইমেইল: mmunirc@gmail.com

১০৬ নম্বরে ফ্রি কল করুন

সততার বীজ রোপিত হয় পারিবারিক শিক্ষায়



## ফাঁদ অভিযান

**গ্রেফতারকৃত আসামির নাম**

মোঃ এহেতেশামুল হক, উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

**অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ**

জনৈক মোঃ মোজাম্মেল হক, ঠিকাদার কর্তৃক উপজেলা প্রকৌশলী এলজিইডি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ হতে কাঁচপুর হাইওয়ে-থানা-মোশারফ চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসির মাধ্যমে উন্নয়ন কাজের জন্য দরপত্র আহ্বান করা হলে তিনি সর্বনিম্ন দরদাতা হওয়ায় তার নামে ১০ লক্ষ টাকায় কার্যাদেশ ইস্যু করা হয়। কিন্তু উক্ত কার্যালয়ের উপসহকারী প্রকৌশলী মোঃ এহেতেশামুল হক তার নিজের জন্য এবং উপজেলা প্রকৌশলীর কথা বলে ১ লক্ষ টাকা ঘুষ দাবি করেন। অনেক দর কষাকষি করে তিনি ৮০ হাজার টাকা ঘুষ দিতে রাজী হন। উক্ত কার্যাদেশ গ্রহণের সময় বাধ্য হয়ে ৩০ হাজার টাকা ঘুষ প্রদান করেন। মোঃ এহেতেশামুল ঘুষের অবশিষ্ট ৫০ হাজার টাকা গ্রহণ ব্যতীত তার প্রাপ্য ১ম ও চূড়ান্তবিলের ১০ লক্ষ টাকা প্রদান করতে অস্বীকৃতি জানান। ক্ষমতার অপব্যবহারপূর্বক অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে ঘুষ দাবি করায় তিনি উপায়ন্তর না দেখে দুদককে অবহিত করেন। তদ্‌প্রেক্ষিতে দুদক সকল আইনি প্রক্রিয়া অবলম্বন করে পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকার তত্ত্বধানে ফাঁদ টিম সোনারগাঁও এলজিইডির কার্যালয়ে ফাঁদ পেতে ঘুষের ৫০ হাজার টাকাসহ উপসহকারী প্রকৌশলী মোঃ এহেতেশামুল হককে হাতে-নাতে গ্রেফতার করেন।

দুদক অভিযোগ কেন্দ্র

হটলাইন-১০৬


## অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

**অভিযানের সংখ্যা**

২৭টি

**অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা; প্রাণী সম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা; ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা ইত্যাদি।



## গ্রেফতার

**গ্রেফতারকৃত আসামির নাম**

মোঃ আব্দুস সামাদ, ব্যবস্থাপক, আইএফআইসি ব্যাংক লিঃ, পল্লবী শাখা, ঢাকা ও অন্য ০২জন।

**অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ**

অসৎ উদ্দেশ্যে ক্ষমতার অপব্যবহারপূর্বক প্রতারণার মাধ্যমে আইএসটিসিএল এর ৩,০৭,৫৮,৯০৭/- টাকা আত্মসাৎ।

"দুর্নীতিবাজদের বিরুদ্ধে
দুদক আছে সারাদেশে"

ঘুষ, অর্থপাচার, অবৈধ সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, সরকারি সম্পদ ও অর্থ আত্মসাৎ প্রতিরোধে

কল করুন টোল ফ্রি নম্বরে **১০৬**

দুর্নীতি দমন কমিশন

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যেকোনো ফোন থে



## গুরুত্বপূর্ণ মামলা দায়ের

**কমিশন আগষ্ট ও সেপ্টেম্বর মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ৫৪টি মামলা দায়ের করেছেন। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:**

আসামির পরিচিতি

ডা: মো: সাইফুল ইসলাম, সাবেক জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, পাবনা (অবসরপ্রাপ্ত) ও অন্য ০১ জন।


হাঁস পালন ও বাছুর পালন প্রকল্পের ৫৭,১১,৭৯৮/- টাকা আত্মসাৎ।

মোঃ গোলাম আজম, প্রাক্তন ব্যবস্থাপক, জনতা ব্যাংক লি:, নতুন বাজার শাখা, বর্তমানে সিনিয়র অফিসার, আঞ্চলিক কার্যালয়, জনতা ব্যাংক লিঃ পটুয়াখালী ও অন্য ০২ জন।

প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে জাল ও ভূয়া ঋন দেখিয়ে ২,৪৫,৪৭,০০০/- টাকা আত্মসাৎ।

মনিরুজ্জামান ভূঞা ওরফে শামীম, ৬/এ, বাউন্ডারি রোড, থানা-কোতয়ালী, জেলা- ময়মনসিংহ।

দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে স্থাবর ও অস্থাবর সম্পদ গোপনসহ ৩,৪১,৮৫,০০০/- টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন।






## বিচার ও দণ্ড

**আগষ্ট ও সেপ্টেম্বর মাসে ৩৫টি মামলায় বিচারিক আদালতের রায়ের মধ্যে ২৭টিতে সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য কতিপয় মামলা।**

আসামির পরিচিতি

মোঃ মাহফুজ হোসেন ভুইয়া, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকাসহ ৪ জন।

আসামি ১. মোঃ মাহফুজ হোসেন ভুইয়াকে ১৪ বছরের সশ্রম কারাদণ্ডসহ ২ কোটি ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড, ২. প্রদীব কুমার ভট্টাচার্যকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডসহ ৫০ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০৩ মাসের সশ্রম কারাদণ্ড ৩. মোঃ জাহাঙ্গীর আলম ভূইয়াকে খালাস প্রদান এবং ৪. মোঃ আবুল কালামকে ০৩ বছরের সশ্রম কারাদণ্ডসহ ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান।

খাজা সোলেমান আনোয়ার চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সেহরিন টেক্সটাইল লিঃ, ধানমন্ডি, ঢাকাসহ ০৯ জন।

আসামি খাজা সোলেমান আনোয়ার চৌধুরীসহ সকল-কে ১০ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ৩০,৬৭,২৩,৩৭৩/৮৪১০ টাকা জরিমানা ও মেসার্স সেহরিন টেক্সটাইল লিঃ এর সকল স্থাবর, অস্থাবর সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত এবং দন্ডিত অর্থ সকলের নিকট হতে সমহারে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান।

শেখ নিজাম উদ্দিন, প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, মোংলা খাদ্য গুদাম, মোংলা, বাগেরহাট।

আসামি শেখ নিজাম উদ্দিনকে ০৫ বছরের সশ্রম কারাদণ্ডসহ ২১,৬৮,৪৩৬/- টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান।

কে দুদকের অভিযোগ কেন্দ্রের হটলাইন-১০৬ নম্বরে ফ্রি কল করুন।


# সভা-অভিযান-কর্মসূচী




দুর্নীতি প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন
দুদক কমিশনার এ.এফ.আমিনুল ইসলাম



দুদক অভিযোগ কেন্দ্র -১০৬ এ অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান



সততা স্টোর উদ্বোধন করেন দুদক কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান



কুমিল্লা পাসপোর্ট অফিসে তাৎক্ষণিক অভিযান




সিলেট পাহাড়ে তাৎক্ষণিক অভিযান চালিয়ে পাহাড় কাটা বন্ধ করে দুদক



মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ঢাকা কার্যালয়ে দুদকের অভিযান

যোগাযোগ : নির্বাহী সম্পাদক
দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় ১ সেগুন বাগিচা, ঢাকা, ফোন: ৯৩৫৩০০৪-৮
ওয়েব সাইট : www.acc.org.bd